# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 16 April, 2025

যুক্তরাষ্ট্রের দক্ষিণ ও মধ্য এশিয়াবিষয়ক উপসহকারী পররাষ্ট্রমন্ত্রী নিকোল চুলিকের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করবে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) চার সদস্যের একটি প্রতিনিধিদল। বুধবার (১৬ এপ্রিল) বিকেল ৩টা ১৫ মিনিটে গুলশানে মার্কিন ডেপুটি হেড অব মিশনের বাসভবনে এই সাক্ষাৎ অনুষ্ঠিত হবে।জাতীয় নাগরিক পার্টির যুগ্ম সদস্যসচিব মুশফিক উস সালেহীন এ তথ্য জানিয়েছেন।

তিনি জানান, জাতীয় নাগরিক পার্টির আহ্বায়ক নাহিদ ইসলামের নেতৃত্বে প্রতিনিধিদলে থাকবেন সদস্যসচিব আখতার হোসেন, সিনিয়র যুগ্ম আহ্বায়ক সামান্তা শারমিন এবং সিনিয়র যুগ্ম সদস্যসচিব ডা. তাসনিম জারা।

পররাষ্ট্রমন্ত্রী জাতীয় নাগরিক পার্টি এনসিপি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:20

URL: https://www.timestodaybd.com/national/605244872